ঠাকুরগাঁওয়ে স্কাউটস ভবনের ভিত্তি প্রস্তরের উদ্বোধন

শামসুল আলম, ঠাকুরগাঁও- ঠাকুরগাঁওয়ে এই প্রথম জেলা স্কাউটস ভবনের ভিত্তি প্রস্তরের উদ্বোধন করা হয়েছে।

বুধবার বিকেলে পৌর শহরের কোকিল স্কুলের পাশে প্রধান অতিথি হিসেবে ভবনের ভিত্তি প্রস্তরের উদ্বোধন করেন জেলা প্রশাসক ইশরাত ফারজানা।

উদ্বোধনে জেলা শিক্ষা অফিসার শাহিন আকতার,বাংলাদেশ স্কাউটস (দিনাজপুর-ঠাকুরগাঁও) অঞ্চলের সহকারী পরিচালক সৈকত হোসেন,হিমালায় মুক্ত স্কাউটের গ্রæপ সম্পাদক ও ঠাকুরগাঁও প্রেসক্লাবের সভাপতি লুৎফর রহমান মিঠু,দিনাজপুর অঞ্চল স্কাউটস এর লিডার ট্রেইনার মুহম্মিফ জালাল উদ্দীন,সহকারী লিডার ট্রেইনার আক্তারুজ্জামান সাবু, সাবেক জেলা স্কাউটের সাধারণ সম্পাদক স্বপন, ইয়াং লিডার সোহরাব হোসেন,জেলা রোভার এডহক কমিটির সদস্য সহকারী লিডার ট্রেইনার মাহবুবুজ্জামান রিটন,ইয়াং লিডার মতিনুর রহমান আকাশ সহ স্কাউটসের সদস্যরা উপস্থিত ছিলেন।

ঠাকুরগাঁও জেলা প্রশাসক ইশরাত ফারজানা বলেন,স্কাউটিং এই শিক্ষাটি একটি সেবামূলক আন্দোলন। নিজের খেয়ে অন্যের সেবা বলা যায়। এই আন্দোলনের সাথে সম্পৃক্ত থাকলে মানবিক মানুষ হওয়া যায়। জেলার স্কাউটর্স মানবতার কল্যানে কাজ করবে এই আশা করছি। সেই সাথে জেলার সকল ক্রান্তিলগ্নে স্কাউটরা কাজ করে যাবে।

উল্লেখ্য: প্রায় ১৩ লাখ টাকা ব্যয়ে জেলায় এই প্রথম স্কাউটস এর ক্রয়কৃত জমিতে ভবনের কাজ সম্পূর্ণ করা হবে।